MD. NAHID ISLAM
ADVISER

Ministry of Posts, Telecommunications and IT &
Ministry of Information and Broadcasting
Government of the People's Republic of Bangladesh

মোঃ নাহিদ ইসলাম
উপদেষ্টা
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ১৪.০০.০০০০.০২৭.২৭.০২১.১৯.২৯২

তারিখ : ০৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

আসসালামু আলাইকুম।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ছাত্র-জনতার রক্তাক্ত গণঅভ্যুত্থানের মাধ্যমে একটি অন্তবর্তীকালীন সরকার গঠিত হয়েছে। বিগত ফ্যাসিস্ট সরকারের দুর্নীতি, লুটপাট ও অনিয়ম উদঘাটন এবং এর যথাযথ প্রতিবিধানের লক্ষ্যে ইতোমধ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রাষ্ট্রের সকল প্রতিষ্ঠানের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা, সকল সরকারি প্রতিষ্ঠানকে কার্যকর করা, সরকারি সকল কার্যক্রমে গতিশীলতা আনয়ন, রাষ্ট্রীয় সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত ও সরকারি অর্থ অপচয় রোধের মাধ্যমে জনগণের সার্বিক কল্যাণ সাধনের জন্য অন্তবর্তীকালীন সরকার নিরলস কাজ করে যাচ্ছে। সর্বোপরি জনগণের আশা-আকাঙ্খার বাস্তব প্রতিফলনের লক্ষ্যে অন্তবর্তীকালীন সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আন্তরিকভাবে কাজ করছে। আপনারা রাষ্ট্রীয় সংস্কারের সুবিশাল কার্যক্রম ও কর্মযজ্ঞের গুরুত্বপূর্ণ অংশীদার। আপনাদের মেধা, মনন, পরিশ্রম ও সক্রিয় সহযোগিতার মাধ্যমে রাষ্ট্রীয় সংস্কারের প্রয়োজনীয় কাজসমূহ দ্রুততার সাথে এগিয়ে যাচ্ছে। আপনাদের সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করছি।

০২। সাম্প্রতিক সময়ে নিজেদের ব্যক্তিস্বার্থ চরিতার্থ করা ও অবৈধ সুবিধা নেয়ার লক্ষ্যে কিছু অসাধু ব্যক্তি/গোষ্ঠী আমার আত্মীয় পরিচয় বা নাম ব্যবহার করে বিভিন্ন দপ্তরে তদ্বির করছে যা সম্পূর্ণ অনৈতিক। এতে আমার সুনাম বিনষ্ট হচ্ছে। পাশাপাশি আমার স্বাক্ষর নকল/জাল করে আমি সুপারিশ করেছি মর্মে অনেকেই বিভিন্ন দপ্তরে আবেদন দাখিল করছে যা ইতোমধ্যে আমার গোচরীভূত হয়েছে। আমার আত্মীয় পরিচয় বা নাম ব্যবহার করে কেউ কোনো কাজ উদ্ধারের চেষ্টা করলে বা তদ্বির করলে তা বিবেচনার কোনো সুযোগ নেই।

০৩। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান ও আওতাধীন দপ্তর/সংস্থায় এ ধরণের কোনো তদ্বির হলে বা আমার স্বাক্ষর নকল/জাল করে কোনো আবেদন দাখিল করা হলে তা তাৎক্ষণিকভাবে আমার একান্ত সচিব (উপসচিব) জনাব র. হ. ম. আলাওল কবির-কে অবহিত করার জন্য অনুরোধ করছি। আপনার আওতাধীন সকল দপ্তর/সংস্থায় আমার বার্তাটি প্রেরণপূর্বক এ ধরণের অনৈতিক কার্যক্রম প্রতিরোধে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ করছি।

মোঃ নাহিদ ইসলাম
উপদেষ্টা

ড. মো: মোখলেস উর রহমান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-০৫.০০.০০০০.০২১.২৫.০০২.২৪-১৩৪

তারিখ: ডিসেম্বর ৩০, ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

৪. রেক্টর (সচিব), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা

৫. রেক্টর (সচিব), জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (নাডা), মিরপুর, ঢাকা

৬. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা

৭. পরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম), আগারগাঁও, ঢাকা

৮. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা

৯. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

১০. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়

১১. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর

১২. বিভাগীয় কমিশনার (সকল)

........................................

১৩. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

১৪. মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল ফুলবাড়ীয়া, ঢাকা

১৫. জেলা প্রশাসক (সকল)

....................................

ড. মোঃ মোখলেস উর রহমান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(সাধারণ শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.০৪.০২৮.২৫. ২৫

তারিখ : ২৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ০৮ জানুয়ারি ২০২৫ খ্রি.

পত্রের অনুলিপি সদয় অবগতি ও নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০৮/০১/২৫
(অয়ন ফারহান শামস)
সহকারী কমিশনার
ফোন নং-০২৫৮৮৮-৫৪২৭৮(অফিস)
Email: generalsection.raj@gmail.com

..............................................................

..............................................................

..............................................................